

# ভবন স্বল্পতা ও শিক্ষকের অভাবে শিক্ষা কার্যক্রম ব্যাহত

এম এ সালাম, মৌলভীবাজার

মৌলভীবাজার জেলার উচ্চতর বিদ্যালয়গুলিতে মৌলভীবাজার সরকারি কলেজে বিভিন্ন বিভাগের শিক্ষক পদ শূন্য থাকায় এবং একাডেমিক ভবনের অভাবে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

মৌলভীবাজার কলেজ নূরু জানা গেছে, ১৯৫৬ সালে প্রতিষ্ঠিত এই কলেজটিতে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে তিনাব বিভাগ বিষয়ে প্রথম অনার্স কোর্স চালু করা হয়। পরবর্তী সময়ে বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস, দুর্নি, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, ইসলাম, উদ্ভিদবিদ্যা, স্থাপত্যবিদ্যা ও গণিত- এই ১৪টি বিষয়ে অনার্স কোর্স চালু হয়েছে। ২০০৫-০৬ শিক্ষাবর্ষে বাংলা, ইংরেজি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান এবং হিসাব বিজ্ঞান বিষয়ে মাস্টার্স শেষ পর্বের কোর্স চালু হয়েছে। এই পাঁচটি বিষয়ে মাস্টার্স প্রথম পর্বের কোর্স চালুর বিষয়টিও প্রতিরোধিত। কিন্তু শিক্ষক স্বল্পতার কারণে কলেজটিতে পাঠদান কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।

কলেজ নূরু জানা গেছে, বাংলা বিভাগের সহকারী অধ্যাপকের ১টি, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপকের ১টি এবং প্রভাষকের

৩টি, অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপকের ১টি, সহকারী অধ্যাপক ১টি ও প্রভাষকের ১টি, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অধ্যাপক ১টি, সহকারী অধ্যাপক ১টি ও প্রভাষকের ২টি, হিসাব বিজ্ঞান বিভাগে সহযোগী অধ্যাপক ১টি ও প্রভাষক ১টি, গণিত বিভাগে প্রভাষক ১টি, ব্যবস্থাপনা

## মৌলভীবাজার সরকারি কলেজ

বিভাগে সহযোগী অধ্যাপক ১টি, স্থাপত্যবিদ্যা বিভাগে প্রভাষক ১টি, ইসলামের ইতিহাস বিভাগে সহকারী অধ্যাপক ১টি ও প্রভাষক ১টি, ইতিহাস বিভাগে সহকারী অধ্যাপক ১টি ও প্রভাষক ১টি, দর্শন বিভাগে সহযোগী অধ্যাপক ১টি এবং প্রভাষকের ২টি পদসহ আরও বেশকিছু পদ শূন্য রয়েছে। এছাড়া কলেজের লাইব্রেরিয়ানের পদটি দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। শূন্য রয়েছে হিসাব সহকারী, কোম্পিউটার, অফিস সহকারী কাম মুদ্রাস্থরিত এবং চতুর্থ শ্রেণীর চারটি পদ। এদিকে কলেজ কর্তৃপক্ষ নূরু জানা গেছে, কলেজের একাডেমিক ভবনের অভাবে পাঠদান কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। যেখানে

৬০টি শ্রেণীকক্ষের প্রয়োজন, সেখানে শ্রেণীকক্ষ আছে মাত্র ২৬টি। ১৪টি অনার্স বিভাগের ৯টিতে সেমিনার কক্ষ আছে। ৫টিতে সেমিনার কক্ষ নেই। অন্যান্য কক্ষে রাতে নিরাপত্তার লক্ষ্যে স্থাপিত বৈদ্যুতিক খুঁটির সঙ্গে ল্যান্সপ প্রয়োজন করা হয়নি। এদিকে কলেজে ১০০ আসনের একটি ছাত্রী আবাস থাকলেও তাতে স্থান সংকুলান হচ্ছে না। কলেজে 'শহীন জিয়া অডিটোরিয়াম' নামে একটি অত্যাধুনিক অডিটোরিয়াম রয়েছে। তবে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, অডিটোরিয়ামটির শ্রায় সবক'টি টয়লেটের লক কে বা কারা ভেঙে ফেলেছে। ভেতর থেকে বন্ধ করা যায় না বলে অনেক সময় অডিটোরিয়ামে আসা লোকজন সমস্যায় পড়েন।

মৌলভীবাজার সরকারি কলেজের অধ্যক্ষ ডক্টরকাঞ্চি চৌধুরী সংবাদকে জানান, কলেজটিতে বিজ্ঞান শিখা প্রসারের লক্ষ্যে আরও কিছু মেধাবী শিক্ষক-কর্মকর্তা প্রয়োজন। এছাড়া কলেজে শিক্ষকদের শূন্য পদ পূরণ, ছাত্রীদের জন্য আরও একটি হোস্টেল স্থাপন, একটি ৫তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণসহ অন্যান্য সমস্যার সমাধান করতে পারলে কলেজটিকে একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করা সম্ভব।